# ভোটের আগে প্রশাসনে শুদ্ধি অভিযান জরুরি, না হলে জনগণ নিরাপদ নয়: মিয়া গোলাম পরওয়ার



জামায়তের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার: সংগৃহীত ছবি

গোপালগঞ্জে ‘জুলাই যোদ্ধাদের’ ওপর হামলার প্রতিবাদে রাজধানীর বাইতুল মোকাররমে বিক্ষোভ ও সমাবেশ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী উত্তর ও দক্ষিণ শাখা। বৃহস্পতিবার (১৭ জুলাই) বাদ আসর জাতীয় মসজিদের উত্তর গেটে আয়োজিত এই কর্মসূচিতে সংগঠনের শীর্ষ নেতারা উপস্থিত ছিলেন এবং হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

সমাবেশে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, “গোপালগঞ্জে সমাবেশের মঞ্চ ভাঙচুর, নেতাকর্মীদের অবরুদ্ধ করা—সবই ছিল পরিকল্পিত সহিংসতা। এটি শুধু একটি দল নয়, গোটা জাতিকেই আতঙ্কিত করে তুলেছে।” তিনি প্রশ্ন তোলেন, “হামলার সময় পুলিশ প্রশাসন কোথায় ছিল? তারা কী করেছে, তা জনগণ দেখেছে।”

তিনি আরও বলেন, “নির্বাচনের আগে প্রশাসনে যদি শুদ্ধি অভিযান না চালানো হয়, তাহলে জনগণের নিরাপত্তা থাকবে না। এখনই সময় পদক্ষেপ নেওয়ার।”

এ সময় স্বরাষ্ট্র উপদেষ্টার সাম্প্রতিক বক্তব্যের প্রসঙ্গ টেনে মিয়া গোলাম পরওয়ার বলেন, “আপনি বলেছেন, আওয়ামী ফ্যাসিবাদের দোসরদের ঘুম হারাম করে দেবেন—এবার সেই কথার বাস্তবায়ন দেখতে চাই। যদি আরেকবার এমন হামলা হয়, তাহলে প্রমাণ হবে আপনার কথার সঙ্গে বাস্তবতার কোনো মিল নেই।”

জামায়াতের নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মুহাম্মদ তাহের বলেন, “এই ন্যাক্কারজনক হামলার পেছনে কারা ছিল, তা অন্তর্বর্তীকালীন সরকারের উচিত দ্রুত ও স্পষ্টভাবে প্রকাশ করা। শুধু পুলিশ প্রত্যাহার করলেই চলবে না, স্বরাষ্ট্র উপদেষ্টাকেও দায়িত্ব থেকে সরাতে হবে।”

নেতারা হুঁশিয়ারি দিয়ে বলেন, এ ধরনের হামলা চলতে থাকলে জনগণ আর চুপ করে থাকবে না। তারা ব্যবস্থা নিতে বাধ্য হবে।